# মার্কিন – ভেনেজুয়েলা সংকট : বৈশ্বিক ব্যবস্থার রূপান্তর
## (আইনি প্রেক্ষাপট, ভূরাজনৈতিক সমীকরণ ও প্রভাব)

৩ জানুয়ারি 2026 তারিখে মার্কিন বিশেষ বাহিনীর – অপারেশন এবসোলিউট রিজলভ (operation Absolute Resolve) এর মাধ্যমে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রীকে গ্রেফতারের ঘটনা বর্তমান বিশ্বের সবচেয়ে আলোচিত আন্তর্জাতিক ইস্যুতে পরিণত হয়েছে। কারাকাস থেকে তাকে গ্রেফতার করে নিউইয়র্কে নিয়ে আসা কেবল একটি অপরাধমূলক বিচার প্রক্রিয়া নয়, বরং আন্তর্জাতিক আইন ও সার্বভৌমত্ব লঙ্ঘন এবং পরাশক্তিদের ক্ষমতার লড়াইয়ের একটি চরম বহিঃপ্রকাশ। এই ঘটনাটি একবিংশ শতাব্দীতে আন্তর্জাতিক সম্পর্কের গতিপ্রকৃতি এবং Might is Right নীতির নতুন প্রয়োগকে সামনে নিয়ে এসেছে।

একদিকে যুক্তরাষ্ট্র এই অভিযানকে একটি আইনি ও বিচার বিভাগীয় বিজয় হিসেবে বর্ণনা করছে; অন্যদিকে চীন ও রাশিয়া এটিকে আন্তর্জাতিক দস্যুতা ও বিপজ্জনক নজির বলে বক্তব্য প্রদান করছে।

> "ভেনেজুয়েলায় "বিপজ্জনক নজির" স্থাপন করেছে যুক্তরাষ্ট্র।"
>
> — জাতিসংঘ মহাসচিব

Banking and BCS journey with ASF

Banking and BCS journey with ASF · Striving towards excellence · ASF

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

CamScanner

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

## II প্রেক্ষাপট / প্রেপ্তারের কারণ :

### (i) নারকো টেরোরিজম বা মাদক সন্ত্রাসবাদের অভিযোগ :

যুক্তরাষ্ট্রের দাবি মাদুরো কার্টেল অব দ্য সানস (Cartel of the Suns) নামক একটি মাদক পাচারকারী গোষ্ঠীর নেতৃত্ব দিচ্ছিলেন যারা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রতিবছর বিপুল পরিমাণ মাদক পাচার করে ।

### (ii) শাসন পরিবর্তন ও গণতন্ত্র পুনরুদ্ধার :

Banking and BCS journey with ASF

ওয়াশিংটনের মতে মাদুরো একজন সাংবিধানিক প্রেসিডেন্ট নন, বরং একজন অবৈধ স্বৈরশাসক । যুক্তরাষ্ট্র মনে করে মাদুরোকে সরিয়ে দেয়া হলে ভেনেজুয়েলায় গণতন্ত্র ফিরে আসবে এবং সেখানে একটি মার্কিনপন্থি সরকার গঠন করা সম্ভব হবে ।

Banking and BCS journey with ASF
ASF
Striving towards excellence

### (iii) ভূরাজনৈতিক ও অর্থনৈতিক কারণ :

ভেনেজুয়েলা বিশ্বের বৃহত্তম তেলের মজুতধারী দেশ । মাদুরো সরকারের উপর রাশিয়ার নিয়ন্ত্রণ থাকায় যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলার তেল খাতের নিয়ন্ত্রণ নিতে চায় । এছাড়া দক্ষিণ আমেরিকা মহাদেশ তথা যুক্তরাষ্ট্রের নিজস্ব আঙিনায় (Backyard) কোন বিদেশী শক্তির আধিপত্যবাদ বা প্রভাব উপড়ে ফেলাই যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান কৌশলগত লক্ষ্য । বিশ্লেষকদের মতে মনরো ডকট্রিনের আলোকেই এই অভিযান পরিচালিত হয়েছে ।

CamScanner

# আইনি প্রেক্ষাপট : আন্তর্জাতিক আইন ও সার্বভৌমত্ব :

মাদুরোকে গ্রেপ্তারের বিষয়টি আন্তর্জাতিক আইনের একাধিক সূত্রকে প্রশ্নবিদ্ধ করেছে।

## (i) রাষ্ট্রপ্রধানদের দায়মুক্তি :

আন্তর্জাতিক প্রথাগত আইন অনুযায়ী, একটি সার্বভৌম রাষ্ট্রের দায়িত্বরত প্রধান হিসেবে মাদুরো অন্য কোন দেশের আদালতে বিচার বা গ্রেপ্তারের বিরুদ্ধে পূর্ণ দায়মুক্তি ভোগ করেন। বিশ্লেষকদের মতে মার্কিন যুক্তরাষ্ট্র মাদুরোকে অবৈধ শাসক বিবেচনা করলেও ভেনেজুয়েলার কার্যকর (De facto) শাসক হওয়ায় এই সুরক্ষা পাওয়ার যোগ্য।

## (ii) সার্বভৌমত্ব/হস্তক্ষেপের নীতি :

জাতিসংঘ সনদ অনুযায়ী, কোন দেশ অন্য একটি দেশের আঞ্চলিক অখণ্ডতা বা সার্বভৌমত্বের বিরুদ্ধে শক্তি প্রয়োগ করতে পারে না। অনুমতি ছাড়া ভেনেজুয়েলার অভ্যন্তরে ঢুকে মাদুরোকে গ্রেপ্তার করাকে অনেক বিশেষজ্ঞ "আগ্রাসন (Act of Aggression)" হিসেবে বর্ণনা করেছেন।

Banking and BCS journey with ASF

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

## (iii) আত্মরক্ষার অভাব :

মার্কিন যুক্তরাষ্ট্র মাদুরোকে মাদক-সন্ত্রাসবাদী হিসেবে আখ্যায়িত করলেও আন্তর্জাতিক আইনে মাদক পাচারকে কোন দেশের উপর সশস্ত্র (Armed Attack) হামলা হিসেবে গণ্য করা হয় না। ফলে আত্মরক্ষার যুক্তিতে (Self-Defence) এই সামরিক অভিযান পরিচালনা আইনিভাবে অত্যন্ত দুর্বল।

Banking and BCS journey with ASF
Striving ... Excellence
ASF

CamScanner

Banking and BCS journey with ASF
ASF
Striving towards excellence

## II ভূরাজনৈতিক অস্থিরকরণ ও পরাশক্তিদের দ্বৈরথ :

### (i) মনরো ডকট্রিনের আধুনিক সংস্করণ :

1823 সালে জেমস মনরো ঘোষণা করেছিলেন যে পশ্চিম গোলার্ধে ইউরোপীয় শক্তির হস্তক্ষেপ সহ্য করা হবে না। 2026 সালে মাদুরোকে গ্রেফতার প্রমাণ করে যে যুক্তরাষ্ট্র এখনো লাতিন আমেরিকাকে তাদের 'নিজস্ব আঙিনা' মনে করে। এটি লাতিন আমেরিকা থেকে রাশিয়া ও চীনের ক্রমবর্ধমান প্রভাবকে উপড়ে ফেলার একটি সুপরিকল্পিত পদক্ষেপ।

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

### (ii) চীন ও রাশিয়ার প্রতিক্রিয়া :

চীন এই ঘটনাকে "আন্তর্জাতিক দস্যুবৃত্তি" বলে অভিহিত করেছে। ভেনেজুয়েলায় চীনের প্রায় 60 বিলিয়ন ডলারের ঋণ ও বিনিয়োগ রয়েছে। মাদুরোর পতন চীনের জ্বালানি নিরাপত্তার জন্য বড় হুমকি। অন্যদিকে, রাশিয়া মাদুরোকে তাদের অন্যতম প্রধান মিত্র মনে করে। ইউক্রেন যুদ্ধের প্রেক্ষাপটে রাশিয়ার জন্য ভেনেজুয়েলা ছিলো যুক্তরাষ্ট্রের নাকের ডগায় একটি কৌশলগত ঘাটি। মাদুরোকে হারিয়ে রাশিয়া লাতিন আমেরিকায় তার সবচেয়ে বড় প্রভাবককে হারালো।

Banking and BCS journey with ASF

### (iii) ইরান ও মধ্যপ্রাচ্য সংযোগ :

ইরান ও ভেনেজুয়েলা গত কয়েক বছরে একে অপরের উপর মার্কিন নিষেধাজ্ঞা কাটিয়ে উঠতে সহযোগিতা করে আসছিলো। মাদুরোর গ্রেফতার ইরানের জন্য একটি সতর্কবার্তা যে যুক্তরাষ্ট্র চাইলে ইরানের শাসকদেরও একইভাবে ক্ষমতাচ্যুত করতে পারে।

CamScanner

## ॥ নারকো-টেরোরিজম : অপরাধ দমন না রাজনৈতিক চাল :

মার্কিন বিচার বিভাগ মাদুরোর বিরুদ্ধে 20 বছর ধরে মাদক পাচার ও কার্টেল দ্য সানস্ -এর মাধ্যমে কোকেন পাচারের অভিযোগ এনেছে। যুক্তরাষ্ট্রের যুক্তি - মাদুরো প্রশাসন মাদক পাচারের অর্থ দিয়ে মার্কিন সমাজ ধ্বংস করছে। বিশ্লেষকদের মতে, বিশ্বের অনেক দেশেই মাদকের কার্টেল সক্রিয়, কিন্তু শুধুমাত্র ভেনেজুয়েলার মত তেল সমৃদ্ধ এবং মার্কিন বিরোধী দেশকেই কেন লক্ষ্যবস্তু করা হলো? এখানে আসলে ভূ-অর্থনৈতিক স্বার্থ জড়িত; মাদকের কার্টেল শুধু অভিযোগ মাত্র।

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

## ॥ বিশ্ব রাজনীতি কি এক মেরুকেন্দ্রীক ব্যবস্থায় ফিরছে :

1991 সালে সোভিয়েত ইউনিয়নের পতনের পর বিশ্ব একমেরু-কেন্দ্রীক (Unipolar) হয়েছিল। পরবর্তীতে চীন ও রাশিয়ার উত্থানে বিশ্বে বহু মেরুকেন্দ্রীকতার (Multipolarity) দিকে যাচ্ছিল। কিন্তু মাদুরোকে গ্রেপ্তারের এই দুর্ধর্ষ অভিযান বিশ্বকে আবারো মার্কিন সামরিক আধিপত্যের কথা স্মরণ করিয়ে দিচ্ছে।

তবে বিশ্লেষকদের মতে এটি একটি "অস্থিতিশীল একমেরু কেন্দ্রীকতা" তৈরী করতে পারে; যেখানে চীন ও রাশিয়া মার্কিন ডলার ও আধিপত্যের বিকল্প খোঁজা আরো জোরদার করবে।

Banking and BCS journey with ASF

CamScanner

## ■ বৈশ্বিক ভূরাজনীতি এবং ক্ষমতার ভারসাম্যে প্রভাব:

(1) **মার্কিন আধিপত্য:** বিশ্ব রাজনীতিতে মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক ও বিচারিক একক আধিপত্য বা এক মেরুকেন্দ্রীকতার পুনঃ প্রতিষ্ঠা হয়েছে।

(2) **মনরো ডকট্রিন:** লাতিন আমেরিকাকে নিজস্ব প্রভাব বলয়ে রাখতে ২০০ বছরের পুরানো "মনরো ডকট্রিন" এর কঠোরতম প্রয়োগ পরিলক্ষিত হয়েছে। এই নীতির প্রয়োগ বিশ্ব ব্যবস্থার উল্লেখযোগ্য পরিবর্তন ঘটাতে পারে ভবিষ্যতে।

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

(3) **চীন রাশিয়ার ধাক্কা:** পশ্চিম গোলার্ধে চীন ও রাশিয়ার দীর্ঘ দিনের বিনিয়োগ ও ভূরাজনৈতিক প্রভাব এক নিমিষেই বড় চ্যালেঞ্জের মুখে পড়েছে।

(4) **তেল রাজনীতি:** বিশ্বের বৃহত্তম তেলের মজুদের উপর পশ্চিমা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার সুযোগ তৈরী হওয়ায় বৈশ্বিক তেলের বাজারে নতুন সমীকরণ শুরু হয়েছে।

(5) **আইনি নজির:** রাষ্ট্র প্রধানদের "সার্বভৌম দায়মুক্তি" নীতি ভেঙে যাওয়ায় ভবিষ্যতে অন্য দেশের নেতাদের গ্রেপ্তারের একটি বিতর্কিত পথ উন্মোচিত হলো।

Banking and BCS journey with ASF

(6) **ইরানের জন্য সতর্ক বার্তা:** এই ঘটনা ইরান ও উত্তর কোরিয়ার মতো দেশগুলোকে তাদের নেতৃত্বের নিরাপত্তার বিষয়ে চরম সতর্ক ও আগ্রাসী করে তুলেছে।

CS CamScanner

(৭) **অভ্যন্তরীণ অস্থিরতা**: ভেনেজুয়েলায় রাজনৈতিক শূন্যতা তৈরী হওয়ায় দেশটিতে গৃহযুদ্ধ এবং নতুন করে শরণার্থী সংকট দেখা দিয়েছে।

(৪) **বিকল্প জোট**: মার্কিন একতরফা পদক্ষেপ রুখতে এবং ডলারের বিকল্প খুঁজতে চীন ও রাশিয়া তাদের নিজস্ব সামরিক ও অর্থনৈতিক জোটকে আরো শক্তিশালী করবে।

(৩) **ডলারের রাজনীতি**: মার্কিন বিচার ব্যবস্থা ও নিষেধাজ্ঞাকে এড়াতে বিশ্বজুড়ে ডি-ডলারাইজেশন বা বিকল্প ব্যবহারের প্রবণতা বাড়তে পারে।

Banking and BCS journey with ASF

Banking and BCS journey with ASF
ASF
Striving towards excellence

পরিশেষে বলা যায়, ২০২৬ সালে নিকোলাস মাদুরোকে গ্রেপ্তারের ঘটনা কেবল একটি দেশের অভ্যন্তরীণ রাজনীতি বা সাধারণ কোন ফৌজদারি বিচার প্রক্রিয়া নয়; বরং এটি আধুনিক বিশ্ব ব্যবস্থার আমূল পরিবর্তনের সংকেত। এর সুদূরপ্রসারী প্রভাব লাতিন আমেরিকার ভূ-রাজনীতি ছাপিয়ে বিশ্ব জ্বালানি বাজার এবং পরাশক্তিদের মধ্যকার ক্ষমতার ভারসাম্যকে ওলট পালট করে দিবে বলে মনে করছেন বিশ্লেষকরা।

ASHRAFUL ISLAM
BCS Administration (45th BCS)
Assistant Director, Bangladesh Bank
© Banking and BCS Journey with ASF

CamScanner